প্রবাসী কল্যাণ ব্যাংক
দেশে ও প্রবাসে, আপনারই পাশ
প্রধান কার্যালয়, ঢাকা
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড,
ইস্কাটন, ঢাকা website: www.pkb.gov.bd

**শাখা পরিচালন, নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন ডিপার্টমেন্ট**

নং ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৬২.০০১.২৩-১০১১ তারিখঃ ২০.০২.২০২৩ খ্রিঃ

বিষয়ঃ ব্যাংকের ব্যবসা কেন্দ্র স্থাপন ও ভাড়া/ইজারা সংক্রান্ত বিধিমালা।

উপর্যুক্ত বিষয়ে প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, শাখা নিয়ন্ত্রণ ও উন্নয়ন বিভাগের ১৬.০৩.২০২০ তারিখের ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৮৮.০০১.২০২০-২৯৩ সংখ্যক পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (সংযুক্তি-ক)।

২.০ পত্রে বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক ২০.০৮.২০১৯ তারিখে বিআরপিডি সার্কুলার লেটার নং ১৮ এর "ব্যাংকের পরিচালন ব্যয় হ্রাসকল্পে বিলাসবহুল যানবাহন, আড়ম্বরপূর্ণ সাজসজ্জা এবং অন্যান্য ক্ষেত্রে উচ্চ ব্যয় পরিহার প্রসঙ্গে" ক্রম নং ৩ (খ) বরাতে উল্লেখ রয়েছে যে, আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অন্যান্য খাতে (ভল্ট স্থাপন, ইন্টেরিয়র ডেকোরেশন,অফিস ফার্নিচার, ইলেকট্রিক/ইলেকট্রনিক ইত্যাদি) নতুন শাখা স্থাপনের ক্ষেত্রে প্রতি বর্গফুটের জন্য ১,৮৫০/-(এক হাজার আটশত পঞ্চাশ) টাকার অধিক ব্যয় করা যাবে না এবং বিদ্যমান শাখা স্থানান্তরের ক্ষেত্রে প্রতি বর্গফুটের জন্য ১,২৫০/-(এক হাজার দুইশত পঞ্চাশ) টাকার অধিক ব্যয় করা যাবে না।

৩.০ সম্প্রতি বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক ১৯ জানুয়ারি ২০২৩ তারিখে বিআরপিডি সার্কুলার লেটার নং ০২ এ "ব্যাংকের ব্যবসা কেন্দ্র স্থাপন ও ভাড়া/ইজারা সংক্রান্ত নীতিমালা" পুনঃবিন্যাস করা হয়েছে (সংযুক্তি-খ)। উক্ত সার্কুলারের (৮.১) নং অনুচ্ছেদে উল্লেখ রয়েছে যে, নতুন ব্যবসা কেন্দ্র স্থাপনের ক্ষেত্রে আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অন্যান্য খাতে সাকুল্যে প্রতি বর্গফুটের জন্য সর্বোচ্চ ২,০০০/- টাকা এবং বিদ্যমান ব্যবসা কেন্দ্র স্থানান্তরের ক্ষেত্রে প্রতি বর্গফুটের জন্য সর্বোচ্চ ১,৪০০/- টাকা পর্যন্ত ব্যয় করা যাবে। আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার ব্যয়ও যুক্তিসঙ্গত পর্যায়ে থাকতে হবে।

৪.০ এমতাবস্থায়, প্রবাসী কল্যাণ ব্যাংকের নতুন শাখা স্থাপন, স্থানান্তর ও ভাড়া চুক্তি নবায়ন সংক্রান্ত বিষয়ে ১৯ জানুয়ারি ২০২৩ তারিখে বিআরপিডি সার্কুলার লেটার নং ০২ এর ব্যয় সংক্রান্ত উল্লিখিত নির্দেশনাসহ অন্যান্য সকল নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সকলকে অনুরোধ করা হলো।

৫.০ তবে, শাখা নিয়ন্ত্রণ ও উন্নয়ন বিভাগের ১৬.০৩.২০২০ তারিখের ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৮৮.০০১.২০২০-২৯৩ সংখ্যক পত্রে নতুন শাখা খোলার প্রাক্কলিত ব্যয়/বিদ্যমান শাখা স্থানান্তরের প্রাক্কলিত ব্যয় মূল্যায়নের লক্ষ্যে যে কমিটি গঠন করা হয়েছিল উক্ত কমিটি, TOR অপরিবর্তিত থাকবে।

20/02/2023

(মোহাম্মদ মফিজুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান
শাখা পরিচালন, নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন ডিপার্টমেন্ট

শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ১২ ফর্দ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. মহাব্যবস্থাপক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. বিভাগীয় প্রধান/সহকারী মহাব্যবস্থাপক/সেল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে);
৪. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে);
৫. প্রোগ্রামার/সিনিয়র অফিসার/সহকারী প্রোগ্রামার, আইটি সিস্টেমস/আইটি অপারেশন বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি।

৮/৮
# প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০।

"মুজিববর্ষের সেবা নিন,
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ।"

শাখা নিয়ন্ত্রণ ও উন্নয়ন বিভাগ

তারিখঃ ১৬.০৩.২০২০

নং ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৮৮.০০১.২০২০-২৯৩

বিষয়: কমিটি গঠন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "ব্যাংকের পরিচালন ব্যয় হ্রাসকল্পে বিলাসবহুল যানবাহন, আড়ম্বরপূর্ণ সাজসজ্জা এবং অন্যান্য ক্ষেত্রে উচ্চ ব্যয় পরিহার প্রসঙ্গে" ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় কর্তৃক ২০.০৮.২০১৯ তারিখে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮ জারী করা হয়েছে। উক্ত সার্কুলারের ৩ নং অনুচ্ছেদের (খ) তে উল্লেখ আছে যে, আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অন্যান্য খাতে (ভল্ট স্থাপন, ইন্টেরিয়র ডেকোরেশন, অফিস ফার্নিচার, ইলেকট্রিক/ইলেকট্রনিক ইত্যাদি) নতুন শাখা স্থাপনের ক্ষেত্রে প্রতি বর্গফুটের জন্য ১৮৫০/- (এক হাজার আটশত পঞ্চাশ) টাকার অধিক ব্যয় করা যাবে না এবং বিদ্যমান শাখা স্থানান্তরের ক্ষেত্রে প্রতি বর্গফুটের জন্য ১২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকার অধিক ব্যয় করা যাবে না।

এমতাবস্থায়, অত্র ব্যাংকের নতুন শাখা খোলার প্রাক্কলিত ব্যয়/বিদ্যমান শাখা স্থানান্তরের প্রাক্কলিত ব্যয় মূল্যায়নের লক্ষ্যে প্রধান কার্যালয় কর্তৃক নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হয়েছেঃ

| ক্রম. | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | মহাব্যবস্থাপক | সভাপতি |
| ২. | বিভাগীয় প্রধান (শাখা নিয়ন্ত্রণ ও উন্নয়ন বিভাগ) | সদস্য |
| ৩. | বিভাগীয় প্রধান (সাধারণ সেবা বিভাগ) | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট অঞ্চলের আঞ্চলিক প্রধান | সদস্য |

উক্ত কমিটি TOR এর নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করবেনঃ

ক. ভল্ট স্থাপনের প্রাক্কলিত ব্যয়;
খ. ইন্টেরিয়র ডেকোরেশন সংক্রান্ত প্রাক্কলিত ব্যয়;
গ. অফিস ফার্নিচার ক্রয়ের প্রাক্কলিত ব্যয়;
ঘ. ইলেকট্রিক/ইলেকট্রনিক ক্রয়ের প্রাক্কলিত ব্যয়;
ঙ. ভবন ভাড়া বাবদ প্রাক্কলিত ব্যয় এবং
চ. নতুন শাখা খোলা/শাখা স্থানান্তর সংক্রান্ত অন্যান্য প্রাক্কলিত ব্যয়সমূহ।

উল্লেখ্য, সংশ্লিষ্ট অঞ্চলের আঞ্চলিক প্রধান সংশ্লিষ্ট শাখায় সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রাক্কলিত ব্যয়সমূহ নির্ধারণ ও মূল্যায়ন করে শাখা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট অঞ্চলের আঞ্চলিক প্রধানের যৌথ স্বাক্ষরে মূল্যায়ন প্রতিবেদন প্রধান কার্যালয়ে অত্র কমিটির সভাপতি বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন।

16.03.2020
মোহাম্মদ রায়হান সোহেল এসিএমএ
এসিসট্যান্ট ভাইস প্রেসিডেন্ট
বিভাগীয় প্রধান
শাখা নিয়ন্ত্রণ ও উন্নয়ন বিভাগ

শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

১। মহাব্যবস্থাপক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
২। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে)
৪। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
(উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে)
৫। অফিস কপি।

16/03/2020

# বাংলাদেশ ব্যাংক

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**


বিআরপিডি সার্কুলার নং-০২

তারিখ: ১৯ জানুয়ারি ২০২৩
০৫ মাঘ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংকের ব্যবসা কেন্দ্র স্থাপন ও ভাড়া/ইজারা সংক্রান্ত নীতিমালা।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৮/২০১২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৭/২০১৩, ২/২০১৫, ৯/২০১৬, ২৮/২০১৮, ১/২০১৯ ও ২৮/২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের মাধ্যমে সময়ে সময়ে তফসিলি ব্যাংকের ব্যবসা কেন্দ্র স্থাপন সংক্রান্ত নীতিমালা/নির্দেশনা জারি করা হয়। বাংলাদেশে ব্যাংক ব্যবসার প্রসার, ব্যাংকিং সুবিধা বঞ্চিত জনগণের নিকট ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া ও অধিকতর আর্থিক সেবাভুক্তির লক্ষ্যে বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের ব্যবসা কেন্দ্র স্থাপন, স্থানান্তর ও ভাড়াচুক্তি নবায়ন এবং সান্ধ্য ব্যাংকিং এর বিদ্যমান নীতিমালা নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

## ১.০ নতুন শাখা স্থাপন :

### ১.১ নীতিগত অনুমোদন :

ব্যাংকসমূহের নতুন শাখা স্থাপন সংক্রান্ত বার্ষিক পরিকল্পনা সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদে গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীর কপিসহ বাংলাদেশ ব্যাংকের নীতিগত অনুমোদনের জন্য যে বছরে নতুন শাখা স্থাপন করা হবে তার অব্যবহিত পূর্ববর্তী বছরের নভেম্বর মাসের মধ্যে দাখিল করতে হবে। ব্যাংকের আর্থিক সক্ষমতা, ঋণের মান, শাখা ব্যবস্থাপনা, আমানতকারীদের সেবা প্রদানসহ সার্বিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ ব্যাংক নির্ধারিত সংখ্যক শাখা স্থাপনের নীতিগত অনুমোদন প্রদান করবে।

### ১.২ শাখার অনুমতিপত্র :

নীতিগত অনুমোদনপ্রাপ্ত শাখা স্থাপনের উদ্দেশ্য ও ব্যবসায়িক সম্ভাব্যতা উল্লেখপূর্বক পরিচালনা পর্ষদে গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীর কপিসহ নির্ধারিত ছক (সংযোজনী 'ক') মোতাবেক নতুন শাখা স্থাপনের অনুমতিপত্রের জন্য সংশ্লিষ্ট বছরের নভেম্বর মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট আবেদন করতে হবে। অনুমতিপত্রপ্রাপ্ত শাখা নির্ধারিত সময়কালের মধ্যে স্থাপন করা না হলে উক্ত অনুমতিপত্র বাতিল বলে গণ্য হবে।

### ১.৩ এসএমই/কৃষি শাখা :

নীতিগত অনুমোদনপ্রাপ্ত শাখাগুলোর মধ্য হতে প্রয়োজনে যে কোনো শাখাকে এসএমই/কৃষি শাখা হিসেবে স্থাপনের জন্য পরিচালনা পর্ষদে গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীর কপিসহ নির্ধারিত ছক (সংযোজনী 'ক') মোতাবেক আবেদন করা যাবে। এসএমই/কৃষি শাখা বিভাগীয় শহর/সিটি কর্পোরেশন এলাকার বাইরে স্থাপন করতে হবে এবং ব্যাংকিং সুবিধা বঞ্চিত এলাকাকে অগ্রাধিকার দেয়া হবে। এসএমই/কৃষি শাখায় বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যতীত অন্যান্য সকল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা যাবে। এরূপ শাখায় জমাকৃত আমানতের অন্যূন ৫০% সংশ্লিষ্ট শাখার আওতাধীন এলাকার এসএমই/কৃষি খাতে ঋণ প্রদান/বিনিয়োগ করতে হবে।

চলমান পৃষ্ঠা-০২

**১.৪ শহর ও পল্লী শাখা :**

ক) সকল সিটি কর্পোরেশন ও 'ক' শ্রেণিভুক্ত পৌরসভা এলাকায় স্থাপিত/স্থাপিতব্য শাখা "শহর শাখা" এবং অন্যান্য এলাকায় স্থাপিত/স্থাপিতব্য শাখা "পল্লী শাখা" হিসেবে গণ্য হবে;

খ) পল্লী শাখার সংখ্যা হবে নীতিগত অনুমোদনপ্রাপ্ত মোট শাখার অন্যূন ৫০%;

গ) বাৎসরিক ভিত্তিতে প্রতিটি শহরে একটির অধিক শহর শাখা স্থাপন করা যাবে না;

ঘ) কোনো এলাকা নতুনভাবে সিটি কর্পোরেশন এলাকা হিসেবে ঘোষিত হলে বা বিদ্যমান সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত হলে কিংবা বিদ্যমান কোনো 'খ'/'গ' শ্রেণির পৌরসভা 'ক' শ্রেণির পৌরসভায় উন্নীত হলে তদস্থিত ব্যাংক শাখা শহর শাখা হিসেবে গণ্যকরত অবিলম্বে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-১) কে অবহিত করতে হবে।

**২.০ উপশাখা স্থাপন :**

ব্যাংকসমূহ নতুন উপশাখা সম্প্রসারণের লক্ষ্যে বার্ষিক পরিকল্পনা প্রণয়ন করে পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীর কপিসহ যে বছরে নতুন উপশাখা স্থাপন করা হবে তার অব্যবহিত পূর্ববর্তী বছরের নভেম্বর মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকে আবেদনপত্র দাখিল করবে। দাখিলকৃত বার্ষিক পরিকল্পনা মোতাবেক উপশাখা স্থাপনের জন্য পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীর কপিসহ নির্ধারিত ছক (সংযোজনী 'খ') মোতাবেক আবেদন করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। উপশাখা স্থাপনে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করতে হবে:

২.১ ব্যাংকিং সুবিধা বঞ্চিত এলাকার জনসাধারণের আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিত করার লক্ষ্যে অনুমোদনপ্রাপ্ত মোট উপশাখার অন্যূন ৬০% সিটি কর্পোরেশন ও 'ক' শ্রেণিভুক্ত পৌরসভা এলাকার বাইরে স্থাপন করতে হবে;

২.২ উপশাখার মূল অনুমতিপত্র অথবা তার সত্যায়িত কপি সংশ্লিষ্ট উপশাখায় সহজে দৃষ্টিগোচর হয় এরূপ স্থানে প্রদর্শন করতে হবে;

২.৩ উপশাখা নিকটস্থ পূর্ণাঙ্গ শাখার নিয়ন্ত্রণে পরিচালিত হবে;

২.৪ ব্যাংকের নাম, নিয়ন্ত্রণকারী শাখার নাম এবং ব্যাংক প্রদত্ত উপশাখাযুক্ত নামের সাইনবোর্ড উপশাখার বাইরে সহজে দৃশ্যমান হয় এমন স্থানে স্থাপন করতে হবে;

২.৫ নিয়ন্ত্রণকারী শাখা হতে ১.০ কিলোমিটার দূরত্বের মধ্যে উপশাখা স্থাপন করা যাবে না। তবে আর্থিক অন্তর্ভুক্তির আওতায় কোনো বিশেষ জনগোষ্ঠী বা বিশেষ অঞ্চল/এলাকায় উপশাখা স্থাপনের আবশ্যকতা দেখা দিলে সেক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক বিশেষ বিবেচনায় এ শর্ত হতে অব্যাহতি প্রদান করতে পারবে;

২.৬ উপশাখার সামগ্রিক লেনদেন নিয়ন্ত্রণকারী শাখার বুকস্ অব একাউন্টস্-এ অন্তর্ভুক্ত হবে;

২.৭ উপশাখার ফ্লোর স্পেস হবে সর্বোচ্চ ১০০০ বর্গফুট;

২.৮ উপশাখার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ন্যূনতম ২ জন কর্মকর্তা নিযুক্ত করতে হবে;

২.৯ প্রচলিত ব্যাংক শাখায় প্রদত্ত/প্রদেয় ব্যাংকিং সেবার জন্য যে নির্ধারিত ফি, চার্জ ও কমিশন প্রযোজ্য তার অনুরূপ ফি, চার্জ ও কমিশন উপশাখায় প্রদত্ত/প্রদেয় সেবার জন্য প্রযোজ্য হবে;

২.১০ উপশাখার ক্যাশ ইন ট্রানজিট ও ক্যাশ অন কাউন্টারের পূর্ণ বীমা আচ্ছাদন নিশ্চিত করতে হবে। নগদ অর্থ ও গুরুত্বপূর্ণ ডকুমেন্টস্ উপশাখায় সংরক্ষণের ক্ষেত্রে ভল্ট স্থাপন করা যাবে। উপশাখার ভল্ট নিয়ন্ত্রণকারী শাখার ভল্ট হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে প্রচলিত নিয়মানুযায়ী ভল্টের নিরাপত্তা এবং সংরক্ষিত অর্থের বীমা আচ্ছাদন নিশ্চিত করতে হবে;

২.১১ উপশাখায় বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত কোনো কার্যক্রম সম্পাদন করা যাবে না।

**৩.০ বুথ স্থাপন :**

**৩.১ কালেকশন বুথ :**

কালেকশন বুথ স্থাপনের জন্য পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীর কপিসহ নির্ধারিত ছক (সংযোজনী 'খ') মোতাবেক আবেদন করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। প্রতিটি বুথ নিকটস্থ শাখার নিয়ন্ত্রণে পরিচালিত হবে। কালেকশন বুথে শুধু সরকারী রাজস্ব আদায়, ইউটিলিটি বিল সংগ্রহ, ডিমান্ড নোট ফি, হাসপাতালের বিভিন্ন বিল, শিক্ষার্থীদের টিউশন ও অন্যান্য ফি, স্বীকৃত প্রতিষ্ঠান/সংস্থার ফি জমা গ্রহণ করা যাবে।

চলমান পৃষ্ঠা-০৩

**৩.২ ইলেক্ট্রনিক বুথ :**

এটিএমসহ যে কোনো ধরনের ইলেক্ট্রনিক বুথ স্থাপনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের আবশ্যকতা নেই। তবে এক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণীয় হবেঃ

ক) ইলেক্ট্রনিক বুথ স্থাপনের জন্য ব্যাংকের পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির অনুমোদন থাকতে হবে এবং বুথ স্থাপনের ১৫ দিনের মধ্যে নির্ধারিত ছক (সংযোজনী 'খ') মোতাবেক বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে।

খ) গ্রাহকগণের ব্যবহারের সুবিধা বিবেচনায় প্রতিটি বুথে একক এটিএম/সিডিএম স্থাপনের জন্য সর্বোচ্চ ১০০ বর্গফুট পরিসর এবং একাধিক এটিএম/সিডিএম স্থাপনের জন্য আনুপাতিক হারে স্পেস ভাড়া গ্রহণ করা যাবে।

গ) এ সকল বুথ স্থাপনের ব্যয় ও ভাড়া সংক্রান্ত ব্যয়ের ক্ষেত্রে শাখার জন্য প্রযোজ্য নিয়মাবলী অনুসরণপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ) এ জাতীয় বুথে ইলেক্ট্রনিক লেনদেন ব্যতীত অন্য কোনো প্রকার ব্যাংকিং লেনদেন সম্পাদন করা যাবে না।

ঙ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত পরিদর্শনে উল্লিখিত বিষয়ে কোনো প্রকার অনিয়ম পরিলক্ষিত হলে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৪.০ ব্যবসায় উন্নয়ন কেন্দ্র স্থাপন :**

যে কোনো ধরনের ব্যবসায় উন্নয়ন কেন্দ্র (বিভাগীয় কার্যালয়/সার্কেল অফিস/আঞ্চলিক কার্যালয়/বিজনেস ডেভেলপমেন্ট সেন্টার/ইউনিট অফিস/কাস্টমার সার্ভিস সেন্টার/এসএমই সেন্টার/কল সেন্টার/এয়ারপোর্ট লাউঞ্জ প্রভৃতি যে নামেই অভিহিত হোক না কেন) স্থাপনের জন্য পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীর কপিসহ নির্ধারিত ছক (সংযোজনী 'খ') মোতাবেক আবেদন করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। এ জাতীয় স্থাপনায় কোনো প্রকার ব্যাংকিং লেনদেন সম্পাদন করা যাবে না।

**৫.০ ব্যবসা কেন্দ্র স্থানান্তর :**

**৫.১** ব্যবসা কেন্দ্র স্থানান্তরের প্রয়োজনে বিদ্যমান ভাড়াচুক্তি মেয়াদোত্তীর্ণ হওয়ার অথবা প্রত্যাশিত স্থানান্তর তারিখের ন্যূনতম ৩ মাস পূর্বে শাখার ক্ষেত্রে পরিচালনা পর্ষদ এবং শাখা ব্যতীত অন্যান্য ক্ষেত্রে পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীর কপিসহ নির্ধারিত ছক *(সংযোজনী 'গ')* মোতাবেক আবেদন করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

**৫.২** ব্যবসা কেন্দ্র স্থানান্তরের আবশ্যকতা দেখা দিলে সেক্ষেত্রে স্থানান্তরের জন্য অনুমতিপত্র প্রাপ্তির তারিখ হতে ৬ মাসের মধ্যে স্থানান্তর করতে হবে, অন্যথায় অনুমতিপত্র বাতিল বলে গণ্য হবে।

**৫.৩** শাখা স্থানান্তরের ক্ষেত্রে স্থানান্তরের ১৫ দিনের মধ্যে শাখার মূল অনুমতিপত্র ফেরত প্রদানপূর্বক সংশোধনের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদন করতে হবে।

**৬.০ ব্যবসা কেন্দ্র একীভূত/রূপান্তর/বন্ধকরণ :**

**৬.১** ব্যাংকের পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে প্রয়োজনে যে কোনো ব্যবসা কেন্দ্র নিকটবর্তী ব্যবসা কেন্দ্রের সাথে একীভূত করা যাবে। কোনো ব্যবসা কেন্দ্রের ধরন পরিবর্তনের ক্ষেত্রেও একই পদ্ধতি অনুসরণ করতে হবে।

**৬.২** কোনো ব্যবসা কেন্দ্র বন্ধ করার প্রয়োজনীয়তা দেখা দিলে বন্ধকরণের সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক শাখার ক্ষেত্রে পরিচালনা পর্ষদ এবং শাখা ব্যতীত অন্যান্য ক্ষেত্রে পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীর কপিসহ আবেদন করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

**৬.৩** ব্যবসা কেন্দ্র একীভূত/রূপান্তর/বন্ধকরণের জন্য নির্ধারিত বা প্রত্যাশিত সময়ের ন্যূনতম ৩ মাস পূর্বে আবেদনপত্র দাখিল করতে হবে।

চলমান পৃষ্ঠা-০৪

**৭.০ স্থাপনা ভাড়া/ইজারা গ্রহণ ও নবায়ন :**

যে কোনো ধরনের স্থাপনা ভাড়া/ইজারা গ্রহণ ও নবায়নের জন্য প্রযোজ্য ক্ষেত্রে পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীর কপিসহ নির্ধারিত ছক (সংযোজনী 'ঘ') মোতাবেক আবেদন করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। স্থাপনা ভাড়া/ইজারার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করতে হবে:

৭.১ দীর্ঘমেয়াদে চুক্তি সম্পাদনের ক্ষেত্রে ব্যয় সাশ্রয়ী ও অন্যান্য সুবিধাদি বিবেচনায় অনধিক ২০ বছর মেয়াদে ভবন/ফ্লোর স্পেস ভাড়া/ইজারা গ্রহণ করা যাবে।

৭.২ ব্যাংক-ব্যবসার ক্ষেত্র ও পরিধি, গ্রাহক সংখ্যা ও জনবল ইত্যাদি বিবেচনায় শহর ও পল্লী শাখার আয়তন হবে যথাক্রমে অনধিক ৬,০০০ বর্গফুট ও ৩,০০০ বর্গফুট। তবে বিদ্যমান প্রিন্সিপাল শাখা ও কর্পোরেট শাখার কার্যক্রম তুলনামূলকভাবে বৃদ্ধির ক্ষেত্রে প্রকৃত প্রমাণকসহ যুক্তিসঙ্গত কারণ প্রদর্শনপূর্বক বাংলাদেশ ব্যাংকের নিকট আবেদন করা হলে সেক্ষেত্রে প্রকৃত অবস্থা বিবেচনায় বাংলাদেশ ব্যাংক যে সিদ্ধান্ত প্রদান করবে তা চূড়ান্ত বলে গৃহীত হবে।

৭.৩ একই ভাড়াচুক্তির মেয়াদে ন্যূনতম ৩ বছর অন্তর মূল ভাড়ার ১৫% এর অধিক হারে বৃদ্ধি করা যাবে না।

৭.৪ একই ভাড়াচুক্তির মেয়াদে একবারের অধিক অগ্রিম প্রদান করা যাবে না এবং অগ্রিম প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত ছকে বর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

| ক্রমিক নং | ভাড়াচুক্তির মেয়াদ | প্রদেয় অগ্রিম (সর্বোচ্চ) |
|---|---|---|
| ১ | ৪ বছর পর্যন্ত | ১২ মাসের ভাড়ার সমপরিমাণ |
| ২ | ৪ বছরের বেশি কিন্তু ০৯ বছরের কম | ২৪ মাসের ভাড়ার সমপরিমাণ |
| ৩ | ৯ বছর বা তদূর্ধ্ব | ৩৬ মাসের ভাড়ার সমপরিমাণ |

৭.৫ ব্যাংকের স্থাপনা ভাড়া/ইজারা গ্রহণের জন্য দীর্ঘমেয়াদী চুক্তি সম্পাদন হওয়ার ক্ষেত্রে একবার বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গৃহীত হলে পরবর্তীতে ৩ বছর বা তদূর্ধ্ব মেয়াদে ভাড়াচুক্তি নবায়ন/পুনঃনবায়নের ক্ষেত্রে ভাড়া বৃদ্ধির হার ১৫% এর মধ্যে সীমিত থাকলে বাংলাদেশ ব্যাংকের নিকট হতে নতুন করে অনুমোদন গ্রহণের আবশ্যকতা নেই। তবে, ব্যাংকের পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটি কর্তৃক এরূপ ভাড়াচুক্তি নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলে সেক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের অব্যবহিত ১৫ দিনের মধ্যে বিষয়টি বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগকে অবহিত করতে হবে।

**৮.০ ব্যবসা কেন্দ্র স্থাপন/স্থানান্তর ব্যয় :**

৮.১ নতুন ব্যবসা কেন্দ্র স্থাপনের ক্ষেত্রে আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অন্যান্য খাতে সাকুল্যে প্রতি বর্গফুটের জন্য সর্বোচ্চ ২,০০০/- টাকা এবং বিদ্যমান ব্যবসা কেন্দ্র স্থানান্তরের ক্ষেত্রে প্রতি বর্গফুটের জন্য সর্বোচ্চ ১,৪০০/- টাকা পর্যন্ত ব্যয় করা যাবে। আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার ব্যয়ও যুক্তিসঙ্গত পর্যায়ে থাকতে হবে।

৮.২ ব্যবসা কেন্দ্র স্থাপন বা স্থানান্তরের ক্ষেত্রে মৌলিক প্রয়োজনীয়তা, পর্যাপ্ত গুণগত মান ও টেকসই বিবেচনায় রেখে সাজসজ্জার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম নির্বাচন করতে হবে। সাজসজ্জার জন্য পরিবেশ বান্ধব সরঞ্জাম নির্বাচন অগ্রগণ্য বিবেচিত হবে।

৮.৩ ব্যবসা কেন্দ্র স্থাপন বা স্থানান্তরের ক্ষেত্রে উল্লিখিত ব্যয়সীমা অনুসরণ করে সাজ-সরঞ্জাম সংগ্রহ করাসহ ব্যবসা কেন্দ্রসমূহে (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যাংকসমূহ নিজ ব্যয়ে ভল্ট নির্মাণ করবে। প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবসা কেন্দ্র স্থানান্তরের সময় পূর্বে স্থাপিত ভল্ট নিজ দায়িত্বে ও ব্যয়ে অপসারণ করবে এবং এরূপ ব্যয় উল্লিখিত ব্যবসা কেন্দ্র স্থানান্তরের অনুমোদিত ব্যয়সীমা বহির্ভূত থাকবে।

৮.৪ ব্যাংকের ব্যবসা কেন্দ্রে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে জাতীয় গ্রিড হতে সরবরাহকৃত বিদ্যুৎ ব্যবস্থার পাশাপাশি সৌর বিদ্যুৎ ব্যবস্থা (Solar Panel) স্থাপনে অগ্রাধিকার দিতে হবে। এ ধরনের সৌর বিদ্যুৎ ব্যবস্থার স্থাপন ব্যয় অনুচ্ছেদ ৮.১ এ উল্লিখিত ব্যয়সীমা বহির্ভূত থাকবে।

৮.৫ উল্লিখিত ব্যয় নির্বাহের ক্ষেত্রে আবশ্যিকভাবে ব্যাংকের পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির অনুমোদন থাকতে হবে।

চলমান পৃষ্ঠা-০৫

**৯.০ স্থাপনা ভাড়া/ইজারা গ্রহণের ক্ষেত্রে সাধারণ নির্দেশনা:**

ব্যাংকের যে কোনো ধরনের ব্যবসা কেন্দ্র স্থাপনের জন্য ভবন/ফ্লোর স্পেস ভাড়া/ইজারা গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে ভবনের বিধিবদ্ধ অনুমোদন গ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে। এতদ্ব্যতীত ব্যাংকের নিজস্ব প্রকৌশলী দ্বারা ভবনের কাঠামোগত শক্তি (Structural Strength) নিরূপণসহ তাৎক্ষণিক দুর্ঘটনা মোকাবেলায় সেখানে প্রয়োজনীয় পূর্বপ্রস্তুতিমূলক ব্যবস্থা রয়েছে কি না তা নিশ্চিত করতে হবে। তাছাড়া ব্যাংকের বিদ্যমান ব্যবসা কেন্দ্রের ভবন/ফ্লোর স্পেসের নিরাপত্তা ও সম্ভাব্য দুর্ঘটনা মোকাবেলায় পূর্বপ্রস্তুতিমূলক সকল ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাংকের উপযুক্ত/দক্ষ প্রকৌশলীর সমন্বয়ে গঠিত অভ্যন্তরীণ পরিদর্শন দল দ্বারা সময়ে সময়ে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে হবে।

**১০.০ স্থাপনা ভাড়া সংক্রান্ত বিবরণী:**

প্রতি বছর জানুয়ারি মাসের ১৫ তারিখের মধ্যে অব্যবহিত পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক ব্যাংকের ব্যবসা কেন্দ্র (শাখা ও উপশাখা) এর ভবন/ফ্লোর স্পেস ভাড়া সংক্রান্ত বিবরণী নির্ধারিত ছক (সংযোজনী 'ঙ') মোতাবেক সফটকপি ই-মেইলে (gm.brpd@bb.org.bd) ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-১) এ প্রেরণ করতে হবে।

**১১.০ সান্ধ্য ব্যাংকিং:**

অফিস সময়ের পর সান্ধ্য ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীর কপিসহ নির্ধারিত ছক (সংযোজনী 'চ') মোতাবেক আবেদন করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। সান্ধ্য ব্যাংকিং সময়সূচি ব্যাংকের অফিস সময়ের পর ০২ ঘন্টা হবে এবং এ সময়ে জমা গ্রহণ ব্যতীত অন্য কোনো প্রকার ব্যাংকিং লেনদেন সম্পাদন করা যাবে না।

**১২.০** বিআরপিডি সার্কুলার নং-১৮/২০১২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৭/২০১৩, ২/২০১৫, ৯/২০১৬, ২৮/২০১৮, ১/২০১৯ ও ২৮/২০১৯ এতদ্বারা রহিত করা হলো। এতৎসত্ত্বেও বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারের আওতায় গৃহীত কার্যক্রম যথারীতি বলবৎ থাকবে।

**১৩.০** ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

**১৪.০** এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২

সংযোজনী ‘ক’

## নতুন শাখা স্থাপন সংক্রান্ত তথ্যাদি।

১. ব্যাংক কোম্পানীর নাম :

২. বিদ্যমান ব্যবসা কেন্দ্রের সংখ্যা:

| ব্যবসা কেন্দ্রের অবস্থান | শাখা | উপশাখা | কালেকশন বুথ | ইলেক্ট্রনিক বুথ |
|---|---|---|---|---|
| শহর | | | | |
| পল্লী | | | | |
| মোট | | | | |

৩. প্রস্তাবিত শাখার নাম (শহর/পল্লী উল্লেখসহ):

৪. প্রস্তাবিত শাখার পূর্ণাঙ্গ ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী):

| সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকার ক্ষেত্রে | | অন্যান্য এলাকার ক্ষেত্রে | |
|---|---|---|---|
| ভবনের নাম (যদি থাকে) | | ভবনের নাম (যদি থাকে) | |
| হোল্ডিং নম্বর | | গ্রাম/এলাকা | |
| সড়ক নম্বর (যদি থাকে) | | দাগ নম্বর | |
| সড়কের নাম (যদি থাকে) | | খতিয়ান নম্বর | |
| ওয়ার্ড নম্বর | | মৌজার নাম | |
| সিটি কর্পোরেশন/পৌরসভা (শ্রেণিসহ) | | ইউনিয়ন | |
| থানা | | থানা | |
| জেলা | | জেলা | |

৫. প্রস্তাবিত শাখার আওতাধীন এলাকার আনুমানিক পরিধি (বর্গকিলোমিটার), জনসংখ্যা ও ব্যবসায়িক গুরুত্ব:

৬. শাখা খোলার ১২ মাসের মধ্যে আমানত সংগ্রহ ও ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (কোটি টাকায়):

৭. আওতাধীন এলাকায় স্থাপিত অন্যান্য ব্যাংক শাখা/উপশাখার তথ্যাদি (নিম্নোক্ত ছক অনুযায়ী):

| ক্রমিক নং | ব্যাংক ও শাখা/উপশাখার নাম | প্রস্তাবিত শাখা হতে দূরত্ব | মাসিক ভাড়ার হার (টাকা/বর্গফুট) | ভাড়াচুক্তির মেয়াদ |
|---|---|---|---|---|
| | | | | |

৮. প্রস্তাবিত ভবনটি শাখা স্থাপনের জন্য উপযুক্ত কি না:

৯. নির্বাচিত ভবনের মালিকানার সাথে ব্যাংকের কোনো পরিচালকের সংশ্লিষ্টতা আছে কি না, থাকলে বিস্তারিত বিবরণ:

১০. প্রস্তাবিত শাখার জন্য ভবন ভাড়ার বিবরণ (নিম্নোক্ত ছক অনুযায়ী):

| ফ্লোর স্পেসের আয়তন (বর্গফুট) | মাসিক ভাড়া (টাকা/বর্গফুট) | চুক্তির মেয়াদে ভাড়া বৃদ্ধির হার | সার্ভিস চার্জ (যদি থাকে) | অন্যান্য চার্জ | অগ্রিমের পরিমাণ | ভাড়াচুক্তির মেয়াদ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

১১. প্রস্তাবিত শাখা স্থাপনের সম্ভাব্য ব্যয় (নিম্নোক্ত ছক অনুযায়ী):

ক) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অন্যান্য খাতে সম্ভাব্য ব্যয় (টাকায়):

| ক্রমিক নং | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

খ) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র খাতে সম্ভাব্য ব্যয় (টাকায়):

| ক্রমিক নং | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

গ) মোট ব্যয়ের পরিমাণ (ক+খ):

১২. প্রস্তাবিত শাখার সম্ভাব্য লোকবল:

১৩. প্রস্তাবিত শাখার নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ:

(সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসিটিভি ইত্যাদি)

(বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, ফোন নম্বর ও সীলমোহর)

## ব্যবসা কেন্দ্র (উপশাখা/বুথ/ব্যবসায় উন্নয়ন কেন্দ্র) স্থাপন সংক্রান্ত তথ্যাদি।

১. ব্যাংক কোম্পানীর নাম :

২. বিদ্যমান ব্যবসা কেন্দ্রের সংখ্যা:

| ব্যবসা কেন্দ্রের অবস্থান | শাখা | উপশাখা | কালেকশন বুথ | ইলেক্ট্রনিক বুথ |
|---|---|---|---|---|
| শহর | | | | |
| পল্লী | | | | |
| মোট | | | | |

৩. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের নাম:

৪. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের পূর্ণাঙ্গ ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী):

| সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকার ক্ষেত্রে | | অন্যান্য এলাকার ক্ষেত্রে | |
|---|---|---|---|
| ভবনের নাম (যদি থাকে) | | ভবনের নাম (যদি থাকে) | |
| হোল্ডিং নম্বর | | গ্রাম/এলাকা | |
| সড়ক নম্বর (যদি থাকে) | | দাগ নম্বর | |
| সড়কের নাম (যদি থাকে) | | খতিয়ান নম্বর | |
| ওয়ার্ড নম্বর | | মৌজার নাম | |
| সিটি কর্পোরেশন/পৌরসভা (শ্রেণিসহ) | | ইউনিয়ন | |
| থানা | | থানা | |
| জেলা | | জেলা | |

৫. নিয়ন্ত্রণকারী শাখার নাম ও দূরত্ব :

৬. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্র স্থাপনের উদ্দেশ্য (এলাকার ব্যবসায়িক গুরুত্ব উল্লেখসহ):

৭. নির্বাচিত ভবনের মালিকানার সাথে ব্যাংকের কোনো পরিচালকের সংশ্লিষ্টতা আছে কি না, থাকলে বিস্তারিত বিবরণ:

৮. প্রস্তাবিত ভবনটি ব্যবসা কেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত কি না:

৯. আওতাধীন এলাকায় স্থাপিত অন্যান্য ব্যাংক শাখা/উপশাখার তথ্যাদি (নিম্নোক্ত ছক অনুযায়ী):

| ক্রমিক নং | ব্যাংক ও শাখা/উপশাখার নাম | প্রস্তাবিত উপশাখা হতে দূরত্ব | মাসিক ভাড়ার হার (টাকা/বর্গফুট) | ভাড়াচুক্তির মেয়াদ |
|---|---|---|---|---|
| | | | | |

১০. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের জন্য ভবন ভাড়ার বিবরণ (নিম্নোক্ত ছক অনুযায়ী):

| ফ্লোর স্পেসের আয়তন (বর্গফুট) | মাসিক ভাড়া (টাকা/বর্গফুট) | চুক্তির মেয়াদে ভাড়া বৃদ্ধির হার | সার্ভিস চার্জ (যদি থাকে) | অন্যান্য চার্জ | অগ্রিমের পরিমাণ | ভাড়াচুক্তির মেয়াদ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

১১. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্র স্থাপনের সম্ভাব্য ব্যয় (নিম্নোক্ত ছক অনুযায়ী):

ক) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অন্যান্য খাতে সম্ভাব্য ব্যয় (টাকায়):

| ক্রমিক নং | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

খ) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র খাতে সম্ভাব্য ব্যয় (টাকায়):

| ক্রমিক নং | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

গ) মোট ব্যয়ের পরিমাণ (ক+খ):

১২. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের সম্ভাব্য লোকবল:

১৩. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ:

(সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসিটিভি ইত্যাদি)

(বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, ফোন নম্বর ও সীলমোহর)

সংযোজনী ‘গ’

# ব্যবসা কেন্দ্র স্থানান্তর সংক্রান্ত তথ্যাদি।

১. ব্যাংক কোম্পানীর নাম:

২. ব্যবসা কেন্দ্রের অনুমতিপত্র নম্বর ও তারিখ:

৩. ব্যবসা কেন্দ্রের নাম (শাখার ক্ষেত্রে শহর/পল্লী উল্লেখসহ):

৪. ব্যবসা কেন্দ্রের পূর্ণাঙ্গ ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী):

| সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকার ক্ষেত্রে | অন্যান্য এলাকার ক্ষেত্রে | বর্তমান | প্রস্তাবিত |
|---|---|---|---|
| ভবনের নাম (যদি থাকে) | ভবনের নাম (যদি থাকে) | | |
| হোল্ডিং নম্বর | গ্রাম/এলাকা | | |
| সড়ক নম্বর (যদি থাকে) | দাগ নম্বর | | |
| সড়কের নাম (যদি থাকে) | খতিয়ান নম্বর | | |
| ওয়ার্ড নম্বর | মৌজার নাম | | |
| সিটি কর্পোরেশন/পৌরসভা (শ্রেণিসহ) | ইউনিয়ন | | |
| থানা | থানা | | |
| জেলা | জেলা | | |

৫. বর্তমান ভবন হতে প্রস্তাবিত ভবনের দূরত্ব:

৬. নির্বাচিত ভবনের মালিকানার সাথে ব্যাংকের কোনো পরিচালকের সংশ্লিষ্টতা আছে কি না, থাকলে বিস্তারিত বিবরণ:

৭. নির্বাচিত ভবনটি ব্যবসা কেন্দ্র স্থাপনের উপযুক্ত কি না:

৮. আওতাধীন এলাকায় স্থাপিত অন্যান্য ব্যাংক শাখা/উপশাখার তথ্যাদি (নিম্নোক্ত ছক অনুযায়ী):

| ক্রমিক নং | ব্যাংক ও শাখা/উপশাখার নাম | প্রস্তাবিত ব্যবসা কেন্দ্র হতে দূরত্ব | মাসিক ভাড়ার হার (টাকা/বর্গফুট) | ভাড়াচুক্তির মেয়াদ |
|---|---|---|---|---|
| | | | | |

৯. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের জন্য ভবন ভাড়ার বিবরণ:

| ক্রমিক নং | ভাড়া সংক্রান্ত দফাসমূহ | বিদ্যমান | প্রস্তাবিত |
|---|---|---|---|
| ৯.১ | ফ্লোর স্পেসের আয়তন (বর্গফুট) | | |
| ৯.২ | মাসিক ভাড়া (টাকা/বর্গফুট) | | |
| ৯.৩ | চুক্তির মেয়াদে ভাড়া বৃদ্ধির হার | | |
| ৯.৪ | অগ্রিমের পরিমাণ | | |
| ৯.৫ | সার্ভিস চার্জ (যদি থাকে) | | |
| ৯.৬ | অন্যান্য চার্জ | | |
| ৯.৭ | ভাড়ার মেয়াদ | | |

১০. ব্যবসা কেন্দ্র স্থানান্তরে সম্ভাব্য ব্যয় (নিম্নোক্ত ছক অনুযায়ী):

ক) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অন্যান্য খাতে সম্ভাব্য ব্যয় (টাকায়):

| ক্রমিক নং | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

খ) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র খাতে সম্ভাব্য ব্যয় (টাকায়):

| ক্রমিক নং | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

গ) মোট ব্যয়ের পরিমাণ (ক+খ):

১১. ব্যবসা কেন্দ্র স্থানান্তরের কারণ:

১২. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ (সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসিটিভি ইত্যাদি):

(বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, ফোন নম্বর ও সীলমোহর)

সংযোজনী 'ঘ'

# স্থাপনা ভাড়া/ইজারা গ্রহণ ও নবায়ন সংক্রান্ত তথ্যাদি।

১. ব্যাংক কোম্পানীর নাম:

২. ভবন/ফ্লোর স্পেস ভাড়া গ্রহণের উদ্দেশ্য:

৩. ভাড়ার জন্য প্রস্তাবিত ভবনের ঠিকানা ( নিম্নোক্ত ছক অনুযায়ী):

| সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকার ক্ষেত্রে | | অন্যান্য এলাকার ক্ষেত্রে | |
|---|---|---|---|
| ভবনের নাম (যদি থাকে) | | ভবনের নাম (যদি থাকে) | |
| হোল্ডিং নম্বর | | গ্রাম/এলাকা | |
| সড়ক নম্বর (যদি থাকে) | | দাগ নম্বর | |
| সড়কের নাম (যদি থাকে) | | খতিয়ান নম্বর | |
| ওয়ার্ড নম্বর | | মৌজার নাম | |
| সিটি কর্পোরেশন/পৌরসভা | | ইউনিয়ন | |
| থানা | | থানা | |
| জেলা | | জেলা | |

৪. নির্বাচিত ফ্লোর স্পেসের মালিকানার সাথে ব্যাংকের কোনো পরিচালকের সংশ্লিষ্টতা আছে কি না, থাকলে বিস্তারিত বিবরণ:

৫. আওতাধীন এলাকায় স্থাপিত অন্যান্য ব্যাংকের শাখা/উপশাখার তথ্যাদি (নিম্নোক্ত ছক অনুযায়ী):

| ক্রমিক নং | ব্যাংক ও শাখা/উপশাখার নাম | প্রস্তাবিত ভবন হতে দূরত্ব | মাসিক ভাড়ার হার (টাকা/বর্গফুট) | ভাড়াচুক্তির মেয়াদ |
|---|---|---|---|---|
| | | | | |

৬. প্রস্তাবিত ফ্লোর স্পেসের ভাড়ার বিবরণ (নিম্নোক্ত ছক অনুযায়ী):

| ক্রমিক নং | ভাড়া সংক্রান্ত দফাসমূহ | বিদ্যমান (প্রযোজ্য ক্ষেত্রে) | প্রস্তাবিত |
|---|---|---|---|
| ৬.১ | ফ্লোর স্পেসের আয়তন (বর্গফুট) | | |
| ৬.২ | মাসিক ভাড়া (টাকা/বর্গফুট) | | |
| ৬.৩ | চুক্তির মেয়াদে ভাড়া বৃদ্ধির হার | | |
| ৬.৪ | অগ্রিমের পরিমাণ | | |
| ৬.৫ | সার্ভিস চার্জ (যদি থাকে) | | |
| ৬.৬ | অন্যান্য চার্জ | | |
| ৬.৭ | ভাড়ার মেয়াদ | | |

৭. অন্যান্য তথ্যাদি (যদি থাকে):

(বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, ফোন নম্বর ও সীলমোহর)

সংযোজনী ‘ঙ’

# Statement of Rent/Lease Related Information of Business Centers (Branches and Sub-branches) of Banks.

As on 31 December 20……..

**Bank Name:**

Address of the Head Office:

1st Date of Operation:

Contact person: (Please provide name, designation, department and contact number of two concerned officials)

| Sl. No. | Branch/ Sub-branch Name | License/ Permission No. & Date | Opening Date | Full Address | | | | No. of Employee | Type (Urban/ Rural) | Floor Space (Sft.) | Rent (Taka/ Sft) | Lease/ Rent Period | Financial Status | | | | | Comment (if any) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | Loans & Advances | | Deposits | | Information of Profit/(Los) (in Crore) | |
| | | | | Address | Name of the City Corporation/ Pouroshova// Union | Thana/ Upazilla | District | | | | | | Total Amount (in Crore) | Number of Accounts | Total Amount (in Crore) | Number of Accounts | | |
| | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | Total: | | | | | | |

| Location | No. of Branches | SME /Agri Branches | Islamic Branches | Islamic Windows | SME Service Centers | Sub-branches | Collection Booths | Electronic Booths | Agent Banking Outlets | Others | Comments |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Urban | | | | | | | | | | | |
| Rural | | | | | | | | | | | |
| Total | | | | | | | | | | | |

Please Note:

i. Branch and Sub-branch information to be reported separately.
ii. Name of the places must be as per Bangladesh National Portal.
iii. Font Size: 12
iv. Font style: Times New Roman
v. Reporting Format: Ms Excel

সংযোজনী ‘চ’

# <u>সান্ধ্য ব্যাংকিং সংক্রান্ত তথ্যাদি</u>

১. ব্যাংক কোম্পানীর নাম:

২. শাখার নাম, অনুমতিপত্র নম্বর ও তারিখ:

৩. সান্ধ্য ব্যাংকিং এর প্রয়োজনীয়তা:

৪. প্রতিদিন সান্ধ্য ব্যাংকিং সময়ে সম্ভাব্য জমাদানকারীর সংখ্যা ও মোট জমার পরিমাণ:

৫. শাখার ভল্ট সীমা ও বীমা আচ্ছাদনের পরিমাণ:

৬. সান্ধ্য ব্যাংকিং এর জন্য সম্ভাব্য ভল্ট সীমা ও বীমা আচ্ছাদনের পরিমাণ:

৭. এলাকায় যে সকল ব্যাংক শাখায় সান্ধ্য ব্যাংকিং চালু আছে সে সকল শাখার নাম ও দূরত্ব:

৮. সান্ধ্য ব্যাংকিং এর জন্য প্রতি মাসে সম্ভাব্য অতিরিক্ত খরচের পরিমাণ:

৯. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ (সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসিটিভি ইত্যাদি):

(বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, ফোন নম্বর ও সীলমোহর)